# FIRST INFORMATION REPORT

4220

W.B.P.Form No. 27

First Information of a cognizable crime reported under section 154 Cr. P.C. at P.S.

1. Dist. Purba Mof Sub-Divn. Tamluk P.S. Chandipur Year 2017 FIR NO. 70/17 Date 24/04/17
2. i) Act I.P.C. Section 341/326A/ ii) Act 326B Sections ..........
3. iii) Act .......... Section .......... iv) Other Act & Sections ..........
3. a) General Diary Reference : Entry No. 915 Time 18:15 hrs
   b) Occurrence of Offence : Day Wednesday Date 15/02/17 Time at about 18:00 hrs
   c) Information received Date 24/04/17 Time 18:15 hrs
   G.D. No. 915 at the Police Station :
4. Type of Information. Written / Oral: Written
5. Place of Occurrence a) Direction and Distance from P.S. 5 km NE, JL No- 107, GP No-IV
   b) Address Old Magrajpur to Teropekhia pitch Road near Kargil Brick field, at Koyalchak, PS- Chandipur
   c) In case outside limit of this Police Station, then the name of P.S. Dist Purba Mdp
   District ..........
6. Complaint /Informant :
   a) Name Sk Nurul Amin
   b) Father's / Husband's Name Sk Makshed
   c) Date/Year of Birth Not Noted
   d) Nationality Indian
   e) Address Vill- Khagda, PS- Chandipur, Dist Purba Mdp
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars four (04) Unknown Motor Cycle Rider
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
   Due to medical treatment
9. Particular of properties stolen / involved : (Attach separarte sheet, if required) : ..........
10. Total value of Properties stolen / Involved : ..........
11. Inquest report / U.D. : Case No. If any : ..........
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complain of the Complainant which is treated as FIR is enclosed herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 341/326A/326B I.P.C
    I. S. I Biplab Halder, O/C Chandipur PS
    register the case and took up the investigation/directed
    S.I Arun Kr Pati with Pleme to take up the investigation
    transferred to P. S. .......... on point of jurisdiction FIR read over to the Complaint / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Rcvd original complain and its Fetived by Courier dak.

Signature / Thumb-Impression of the Complainant /Informant

Signature of the Office-in-charge, Police Station with Name BIPLAB HALDER, Rank O/C CHANDIPUR PS Number, if any 24/4/17

Dr No. 2040
Date 25/11/17

To,
The O.C
Chandipur P.S.
Chandipur, Purba Medinipur.

মহাশয়,

আমি সেক নুরুল আমিন পিতা - সেক মকসেদ ,সাং- খাগদা পোঃ - খাগদা বীরগ্রাম ,থানা- চণ্ডীপুর ,জেলা - পুর্ব মেদিনীপুর -এর বিনীত নিবেদন এই যে ,

(১) আমি একজন শান্তিপ্রিয় ছোটখাটো ব্যবসায়ী হইতেছি । আমার দুইটি বিবাহ হইতেছে । প্রথম পক্ষ অর্থাৎ মোঃ গোলেনুর বিবি প্রায় আট বৎসর যাবৎ সন্তান সন্ততি সহ পৃথকান্নে তার পিতার বাড়ীতে বসবাস করিতে ছিল । আমি মাঝে মাঝে আমার শ্বশুর বাড়ীতে গিয়ে উক্ত স্ত্রীকে টাকা পয়সা দিয়া আসি ।

(২) ব্যবসার খাতিরে আমি আমার সেজ সম্বন্ধী সেক রফিক-এর সঙ্গে পার্টনারশিফে আয়রন ডাস্ট সাপ্লাই-এর ব্যবসা করিতাম । পরে ব্যবসার মুনাফা নিয়ে সেক রফিকের সঙ্গে আমার কিছু গন্ডগোল হয়ে ছিল । সেই ব্যাপারে আমার স্ত্রী তার ভাই-এর পক্ষ অবলম্বন করে আমার উপর দুই শালা ,শ্বশুর মহাশয় ও আমার স্ত্রী আমার উপর অত্যাচার ও মার-ধর করে । সেই নিয়ে নন্দকুমার থানায় একটি ডায়রীও করা হয়েছিল !

(৩) গত মাস ছয় নাগাদ আমার স্ত্রী মোঃ গোলেনুর বিবি যখন তখন আমাকে ডেকে পাঠাত এবং টাকা-পয়সা দাবী করত ।কথা মতো দিলে ভালো ; নচেৎ আমার স্ত্রী ও শালারা ও আমার বড় ভায়-রা-ভাই ,সেক আলাউদ্দিন কটূ কথা বলত এবং প্রাণে মারার ভয় দেখাত ।

(৪) আমার স্ত্রী মোঃ গোলেনুর বিবি গত ইং ১১/০২/২০১৭ তারিখে দুটি কন্যা ও এক ছেলেকে নিয়ে আমার বাড়িতে আসে । পরদিন আমার বাড়ীতে পাঁচজন গুণী-মানী ব্যক্তিগণের মজলিসে মোঃ গোলেনুর বিবি আমার সঙ্গে আমার বাড়ীতে থাকিয়া ঘর সংসার করিবে বলিয়া প্রতিশ্রুতি দেয় । আমার উক্ত স্ত্রী বিভিন্ন সময়ে চুপি চুপি তার নিজস্ব মোবাইল ফোনে কথাবার্তা বলত । জিজ্ঞাসা করলে পিতা,ভাই, বোন ও বড় ভগ্নীপতির সঙ্গে কথাবার্তা বলছে বলিয়া জানাইত ।

(৫) গত ইং ১৫/০২/২০১৭ তারিখ দুপুরবেলা যথারীতি খাওয়া দাওয়া করে একটু বিশ্রাম নেওয়ার পর কিছু কাজ কর্মের জন্য খাগদা কাঠপুলে যাই । সেখানে বিভিন্ন লোকজনদের সঙ্গে কথাবার্তা বলে ,ঐ দিন সন্ধ্যা ৬টা নাগাদ আমি যখন অন্ধকার রাস্তা দিয়ে আমার বাড়ীতে ফিরছিলাম ,তখন চন্ডীপুর থানার অন্তর্গত মার্শিল ইটভাটার প্রায় ২০০/৩০০ হাত দূরে পিচ রাস্তার উপর পিছন থেকে হঠাৎ দুটি মোটর সাইকেলে চেপে চারজন ব্যক্তি মুখ ঢাকা অবস্থায় আমাকে জোর করে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে । আমি বাধা দিলে আমার গলায় থাকা মাফলারটিকে নিয়ে টানাটানি করতে থাকে এবং আমার ডান মাথায়, ডান মুখে ও শরীরের অন্যান্য

পর পৃষ্ঠায়

Received on 24/4/17 at 18.15 hrs. and started Chandipur P.S. Case no 70/17 dt 24/4/17 u/s 341/326A/326B I.P.C.

[signature]
24/04/17
Officer-in-charge
Chandipur P.S.
Dist- Purba Medinipur

স্থানের একটি বোতল থেকে বেশ কিছুটা তরল পদার্থ ঢেলে দেয় । অধীন পোড়া যন্ত্রণার অনুভব করে ও চিৎকার করতে থাকে । তখন মুখ ঢাকা ব্যক্তিগন মোটর সাইকেলে চেপে পালিয়ে যায় । স্থানীয় লোকজন এসে আমাকে উদ্ধার করে স্থানীয় চন্ডীপুর এড়াশাল হাসপাতালে নিয়ে যায় । সঙ্গে সঙ্গে এখান থেকে তমলুক জেলা হাসপাতালে Transfer করে দেন ।আমি সেখানে প্রায় একমাস নাগাদ ভর্তি থেকে চিকিৎসিত হই । গত ইং ১৩/০৩/২০১৭ তারিখে হাসপাতাল থেকে ছাড়া পাইয়াছি । এখনও পুরো সুস্থ হই নাই । বর্তমানে সুস্থ বোধ করায় আপনার নিকট লিখিত ভাবে সমুহ ঘটনা জানাইতেছি । প্রকাশ থাকে যে , ইতিপূর্বে আপনার থানা থেকে একজন অফিসার মহোদয় হাসপাতালে গিয়েছিলেন । আপনার অনুপস্থিতিতে চার বার থানায় গিয়াছি কোন অফিসার মহোদয় এটি গ্রহন করেন নাই ।

অত্র অভিযোগ পত্রটি না লওয়ায় বাধ্য হয়ে গত ইং-২৭/০৩/২০১৭ তারিখে রেজিস্ট্রি করে পাঠাইয়াছিলাম । কিন্তু অদ্যাবধি কোন সুরহা বা তদন্ত হয় নাই । তাই অদ্য আপনার নিকট কুরিয়ার মাধ্যমে অভিযোগ জানাইতেছি ।

অতএব মহাশয় আমার বিনীত আবেদন উপরোক্ত মতে আপনি সরজমিনে তদন্তপূর্ব্বক প্রকৃত অপরাধীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণে বাধিত করিবেন ।

তাং- 28/08/2017

বিনীত - [signature]

28/08/2017